# ট্রেডিং কর্পোরেশন অব বাংলাদেশ

টিসিবি ভবন, ১, কাওরান বাজার, ঢাকা-১২১৫।
www.tcb.gov.bd

নং-২৬.০৫.০০০০.০২৩.০৭.০৫৩.২১.৩৫২ তারিখঃ ১৯-০৬-২০২২ খ্রিঃ

বিষয়ঃ **আসন্ন পবিত্র ঈদ-উল-আযহা উপলক্ষে নিত্যপ্রয়োজনীয় পণ্যের মূল্য সহনীয় পর্যায়ে রাখতে সরকার কর্তৃক নির্ধারিত উপকারভোগী পরিবারের নিকট ২০২১-২২ অর্থ বছরের ১২তম কিস্তিতে পণ্য বরাদ্দ প্রদানের অনুমোদন প্রসঙ্গে।**

সূত্রঃ বাণিজ্য মন্ত্রণালয়ের স্মারক নং-২৬.০০.০০০০.১১৩.২০.১১৫.২১.৪০৬ ; তারিখ ১৯-০৬-২০২২ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রের অনুমোদনের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, আসন্ন পবিত্র ঈদ-উল-আযহা উপলক্ষে নিত্যপ্রয়োজনীয় পণ্যের মূল্য সহনীয় পর্যায়ে রাখতে ২০২১-২২ অর্থ বছরের ১২তম কিস্তিতে সকল মহানগর/জেলা/উপজেলা/পৌরসভা/ইউনিয়নে জেলা প্রশাসনের মাধ্যমে আগামী ২২-০৬-২০২২ খ্রিঃ তারিখ হতে ০৫-০৭-২০২২ খ্রিঃ তারিখ পর্যন্ত টিসিবি'র পণ্যাদি বিক্রয়ের নিমিত্ত নিম্নে বর্ণিত দর ও পরিমাণে বরাদ্দ প্রদানের জন্য অনুরোধ করা হলোঃ

| ক্র. নং | **পণ্যের নাম** | **ভোক্তা মূল্য প্রতি কেজি/ লিটার (পরিচালন ব্যয়সহ)/ (টাকায়)** | **ডিলার প্রতি বরাদ্দের পরিমাণ (কেজি/লিটার)** |
|---|---|---|---|
| ১। | চিনি | টাঃ ৫৫.০০ | সরকার নির্ধারিত উপকারভোগী পরিবার অনুযায়ী। তবে, ডিলারপ্রতি দৈনিক বরাদ্দের পরিমাণ সকল পণ্যে মিলে ১,৬০০-৩,২০০ কেজি/লিটারের মধ্যে রাখতে হবে। |
| ২। | মশুর ডাল | টাঃ ৬৫.০০ | |
| ৩। | সয়াবিন তেল | টাঃ ১১০.০০ | |

২। **বরাদ্দপত্র ইস্যু ও পণ্য বিতরণের ক্ষেত্রে অনুসরণীয় বিষয়াবলীঃ**

(ক) গুদামে আগে মজুদকৃত পণ্য আগে বরাদ্দ দিতে হবে (First in first out).

(খ) বিক্রয়ের কার্যক্রম পরিচালনার জন্য প্রয়োজনীয় মজুদ বিবেচনায় ডিলারদেরকে কিস্তির পণ্য বরাদ্দ দিতে হবে।

(গ) **জেলা প্রশাসকগণ বরাদ্দকৃত পণ্যাদির মূল্য তাঁর নির্ধারিত সোনালী ব্যাংক একাউন্ট নম্বরে জমা করবেন। উক্ত টাকা অন্য কোন খাতে খরচ করা যাবে না এবং সংশ্লিষ্ট জেলা প্রশাসকগণ তাঁর একাউন্ট হতে টিসিবির একাউন্টে (প্রতি রবিবার) অথবা ০৭ দিন পর পর স্থানান্তর করবেন। ব্যাংকে টাকা জমা নিশ্চিত হওয়ার পর ডি.ও ইস্যু করবেন।**

(ঘ) জেলা প্রশাসন কর্তৃক অনুমোদিত ০১(এক) জন দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তা (Authorised Officer) এবং গুদাম রক্ষক ০২ (দুই) জন এর যৌথ স্বাক্ষরে ডি.ও এবং বরাদ্দপত্র ইস্যু করতে হবে।

(ঙ) ডিলারগণ জেলা প্রশাসন/ টিসিবি'র গোডাউন থেকে পণ্যাদি উত্তোলনের পর স্থানীয় প্রশাসনের নিকট লিখিত আগমনি সংবাদ (Arrival Report) দিয়ে অনুমোদিত ফ্যামিলি কার্ড/ স্থানীয় প্রশাসনের সিদ্ধান্ত মোতাবেক নিজস্ব দোকানে পণ্য বিক্রয় করবেন।

(চ) যে সকল উপজেলায় উপকারভোগীর তুলনায় ডিলার কম/নেই সে সকল উপজেলায় পাশের উপজেলা হতে ডিলার দিয়ে কার্যক্রম চালানো যাবে।

৩।(ক) প্রত্যেক ডিলার প্যানাফ্লেক্সে টিসিবি'র বরাদ্দকৃত পণ্যের নির্ধারিত মূল্য সংবলিত লিখিত ব্যানার নির্ধারিত দোকানের সামনে সুন্দর ও সুদৃশ্যভাবে টাঙ্গিয়ে পণ্য বিক্রি করবেন|

(খ) ডিলারগণ প্রতিদিন জেলা প্রশাসন/ স্থানীয় প্রশাসন কর্তৃক (বিক্রয় শেষ না হওয়া পর্যন্ত) নির্ধারিত স্থানে উপকারভোগীদের নিকট পণ্য বিক্রয় করবেন।

(গ) ডিলারগণ পণ্য উত্তোলণের ০২ (দুই) কর্মদিবস পূর্বে উক্ত পণ্যের মূল্য জেলা প্রশাসন কর্তৃক নির্ধারিত ব্যাংক একাউন্টে জমা দিবেন।

(ঘ) **ডিলারগণ তার স্ব স্ব জেলা হতে পণ্য বরাদ্দ গ্রহণ করবেন। ডিলারগণ প্রতি কেজি/লিটারে ৫/- টাকা হারে 'পরিচালন ব্যয়' বাবদ প্রাপ্য হবেন। তবে যে সকল উপজেলা সদর জেলা সদর হতে ৫০ কিঃ মিঃ দুরত্বের বাইরে সে সকল উপজেলার ডিলারগণ প্রতি কেজি/লিটারে ৬/-টাকা হারে 'পরিচালন ব্যয়' প্রাপ্য হবেন, যা পণ্য মূল্যের সাথে সমন্বয় করা হবে।**

(ঙ) ডিলারদেরকে প্রদেয় পরিচালন ব্যয়বাদে বরাদ্দকৃত পণ্যের মোট মূল্য হতে আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ৫৩(ই) উপধারা অনুযায়ী (নতুন আইন মোতাবেক **৭% এর ৫%)** প্রযোজ্য উৎসে আয়কর কর্তন করে সরকারি কোষাগারে জমা নিশ্চিত করতে হবে। **(বরাদ্দকৃত পণ্যের উপর ভিত্তিকরে সমস্ত হিসাব করতে হবে)** উদাহরণ নিম্নরূপঃ

| ক্রঃ নং | পণ্যের নাম | বরাদ্দের পরিমাণ (কেজি/লিটার) | ভোক্তামূল্য পরিচালন ব্যয়সহ প্রতি (কেজি/লিঃ) (টাকায়) | ডিলারের নিকট বিক্রয়মূল্য পরিচালন ব্যয়বাদে প্রতি (কেজি/লিঃ) (টাকায়) | পরিচালন ব্যয় (কেজি/লিটার)(টাকায়) | ব্যাংকে জমাকৃত মূল্য (টাকায়) | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬=(৪-৫) | ৭=(৩×৫) | ৮ |
| ১ | চিনি | ৬০০ | ৫৫/- | ৫০/- | ৫/- | ৩০,০০০/- | |
| ২ | মশুর ডাল | ৬০০ | ৬৫/- | ৬০/- | ৫/- | ৩৬,০০০/- | |
| ৩ | সয়াবিন তেল | ৬০০ | ১১০/- | ১০৫/- | ৫/- | ৬৩,০০০/- | |
| | | | | | উপ মোট= | ১,২৯,০০০/- | |
| | | | | | আয়কর=১,২৯,০০০×৭%×৫%= | ৪৫১.৫০ | |
| | | | | | মোট= | ১,২৮,৫৪৮.৫০ | |

(**উদাহরণ=**মোট ১,৫৬,৫৪৬ টাকা পণ্যমূল্য ও আয়করসহ ব্যাংকে জমা করতে হবে)

**(চ)** যদি নির্বাচিত কোন ডিলার স্থানীয় প্রশাসনের সিদ্ধান্ত ব্যতীত অন্য কোন স্থানে পণ্য বিক্রয় করেন তাহলে তাঁর জামানত বাজেয়াপ্ত করে ডিলারশীপ বাতিল করা হবে।

(ছ) জেলা প্রশাসকগণের চাহিদার প্রেক্ষিতে টিসিবি হতে প্রেরণকৃত মালামাল জেলা প্রশাসকের তত্বাবধানে গুদামে থাকবে এবং সেখান হতে জেলা প্রশাসকগণ টিসিবির ডিলারের মাধ্যমে সিটি কর্পোরেশন/জেলা/ উপজেলা/পৌরসভা/ইউনিয়নে মালামাল বিতরণ করবেন।

(জ) জেলা প্রশাসকগণ সরকার নির্ধারিত উপকারভোগী পরিবারের নিকট পণ্য বিক্রয়ে সার্বিক বিষয়ে তদারকির ব্যবস্থা গ্রহণ করবেন।

(চলমান পাতা-২)

ট্রেডিং কর্পোরেশন অব বাংলাদেশ
টিসিবি ভবন, ১, কাওরান বাজার, ঢাকা-১২১৫।
www.tcb.gov.bd



(ঝ) ডি.ও গ্রহণকারী ডিলারদের নাম, ঠিকানা ও মোবাইল ফোন নম্বরসহ আইটেম ভিত্তিক বরাদ্দকৃত পণ্যের পরিমাণ উল্লেখপূর্বক বরাদ্দপত্র ইস্যুর সাথে সাথেই নির্ধারিত ছকে ই-মেইল এর মাধ্যমে এবং পত্র মারফত **সংশ্লিষ্ট টিসিবি আঞ্চলিক কার্যালয়ের অফিস প্রধানের বরাবরে জেলা প্রশাসক কর্তৃক নির্ধারিত (Authorised Officer) দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা অবহিত করবেন।** একইসাথে তা সংস্থার চেয়ারম্যান, পরিচালক (সিএমএস ও বিওবি) এবং উর্ধ্বতন কার্যনির্বাহী (সিএমএস ও বিওবি) (tcbsecms@tcb.gov.bd) বরাবর ই-মেইল এর মাধ্যমে অবহিত করবেন।

(ঞ) বরাদ্দের জন্য জেলা প্রশাসন সংশ্লিষ্ট ডিলার তালিকা হতে ডিলার নির্বাচন করবেন।

(ট) জেলা প্রশাসন নিযুক্ত (Authorised Officer)/দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণ সংশ্লিষ্ট ডিলারের সাথে সার্বক্ষণিকভাবে যোগাযোগ রক্ষা করে ডিলারের নির্ধারিত স্থানে যথানিয়মে পণ্য বিক্রয়ের বিষয়ে নিশ্চিত করবেন।

(ঠ) টিসিবির **অফিস প্রধানগণ বরাদ্দ শেষে প্রতিদিনের পণ্য বিক্রির হিসাব প্রতিদিন তাঁর সাথে সম্পৃক্ত সকল জেলার দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তার (Authorised Officer) নিকট হতে সংগ্রহ করে** নির্ধারিত ছক মোতাবেক তথ্যাদি পরের দিন সকাল ১১.০০ ঘটিকার মধ্যে প্রধান কার্যালয়ের উপ-উর্ধ্বতন কার্যনির্বাহী এর **(tcbsecms@tcb.gov.bd)** এবং tcb@tcb.gov.bd তে ই-মেইল এর মাধ্যমে প্রেরণ নিশ্চিত করবেন।

(ড) জেলা ও উপজেলায় জেলা প্রশাসন/স্থানীয় প্রশাসন কর্তৃক নির্ধারিত পয়েন্টে পণ্য বিক্রয় করতে কোন ডিলার আপত্তি জ্ঞাপন করলে তার বরাদ্দ স্থগিত রাখা যেতে পারে। এ বিষয়ে জেলা প্রশাসনের সিদ্ধান্তই চুড়ান্ত।

(ঢ) টিসিবি'র ডিলারদের বিক্রয় কর্মীদের চিহ্নিত করার সুবিধার্থে টিসিবি কর্তৃক নির্ধারিত পোষাক পরিধান করতে হবে।

(ণ) নিরাপত্তাজনিত কারণে কোন ডিলারকে ০১ দিনের বেশী পণ্য বরাদ্দ দেয়া যাবে না। একই দিনে এক ডিলারের নামে একাধিক ডিও ইস্যু করা যাবে না।

(ত) একজন ডিলার কোনক্রমেই অন্য ডিলারের প্রতিনিধি হতে পারবে না।

(থ) ডি.ও মোট ০৪ (চার) কপি মিলে এক সেট। ১ম কপি ডিলার পাবেন, ৩য় কপি গুদাম রক্ষক সংরক্ষণ করবেন। পরবর্তীতে গুদাম রক্ষক দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তার মাধ্যমে ২য় ও ৪র্থ কপি সংশ্লিষ্ট আঞ্চলিক কার্যালয়ে প্রেরণ করবেন। টিসিবি অফিস প্রধানগণ ০৭ (সাত) দিন পরপর জেলা প্রশাসনের নিকট হতে প্রাপ্ত ডি.ও এর কপি সংগ্রহ করে প্রধান কার্যালয়ের সিএমএস ও বিওবি শাখায় একসাথে প্রেরণ নিশ্চিত করবেন।

(দ) **ডিলারগণ পরিবার প্রতি সর্বোচ্চ চিনি ০১ কেজি, মশুর ডাল ০২ কেজি এবং সয়াবিন তেল ০২ লিটার বিক্রয় করতে পারবেন।**

(ধ) **সংশ্লিষ্ট জেলা প্রশাসকগণ কোভিড-১৯ (ওমিক্রন) সংক্রমণের উর্ধ্বগতিতে সরকার নির্দেশিত স্বাস্থ্য বিধি অনুসরণ করে নিরাপদ সামাজিক দূরত্ব বজায় রেখে বাধ্যতামূলকভাবে মাস্ক পরিধান করে টিসিবি'র পণ্য বিক্রয় কার্যক্রম পরিচালনা করার জন্য ডিলারসহ সংশ্লিষ্ট সকলকে নির্দেশ প্রদান করবেন।**

(ন) টিসিবি আঞ্চলিক কার্যালয় ও ক্যাম্প অফিসের প্রধানগণ প্রয়োজনে তাঁর কার্যালয়ের ১ জন কর্মকর্তা/কর্মচারীর সমন্বয়ে তদারকি কমিটি গঠন করবেন।

১৯/০৮/২০২২
(মোঃ শেখাবুর রহমান)
প্রধান কর্মকর্তা (সিএমএস ও বিওবি)

জেলা প্রশাসক
............ (সকল)

**কার্যার্থেঃ**

১। অফিস প্রধান, টিসিবি আঞ্চলিক কার্যালয়, ঢাকা/ চট্টগ্রাম/ খুলনা/ রাজশাহী/ বরিশাল/রংপুর/মৌলভীবাজার/ময়মনসিংহ/কুমিল্লা/মাদারীপুর/বগুড়া/ ঝিনাইদহ।
২। কম্পিউটার প্রোগ্রামার, প্রশাসন শাখা, টিসিবি প্রধান কার্যালয়, ঢাকা। তাঁকে পত্রটি টিসিবি'র ওয়েবসাইটে প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো।

**সদয় জ্ঞাতার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):**

১। সিনিয়র সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা।
২। চেয়ারম্যান, টিসিবি, ঢাকা।
৩। বিভাগীয় কমিশনার, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/সিলেট/রংপুর/ময়মনসিংহ।
৪। পরিচালক (সিএমএস ও বিওবি), টিসিবি, ঢাকা।
৫। একান্ত সচিব, মাননীয় বাণিজ্য মন্ত্রী, বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা (মাননীয় মন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)।।
৬। একান্ত সচিব, মাননীয় সভাপতি, বাণিজ্য মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটি, বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয়, শেরে বাংলা নগর, ঢাকা।
৭। একান্ত সচিব, সিনিয়র সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৮। প্রধান কর্মকর্তা (অর্থ ও হিসাব), টিসিবি, ঢাকা।
৯। অফিস কপি।